

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(সাধারণ ও সংস্থাপন শাখা)

অফিস আদেশ নং- ২৫৪/২০১৫

(এ এন্ড সি)

তারিখঃ-০৮/১১/২০১৫ খ্রিঃ।

নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে নিম্নলিখিত প্রার্থীকে তাহার নামের পার্শ্বে বর্ণিত “কম্পিউটার অপারেটর” পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫/- টাকার স্কেলে কাজে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসাবে নিয়োগ প্রদান করা হ'লঃ-

ক্রমিক নং	নাম ও পিতার/স্বামীর নাম	রোল নং	পদের নাম
১.	জনাব বিমলেন্দু মন্ডল পিতা- মাখন লাল মন্ডল	১৬৬	কম্পিউটার অপারেটর

নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে আগামী ১২/১১/২০১৫ ইং তারিখের মধ্যে কাজে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

**শর্তাবলীঃ-**

১. চাকুরীতে যোগদানের সময় তার বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট দাখিল করতে হবে।
২. কোন প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে কাজে যোগদান না করলে তার নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হবে।
৩. এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হ'ল। তাকে বিনা নোটিশে বা কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন সময় চাকুরীচ্যুত করা যাবে।
৪. তার শিক্ষানবিশকালীন কর্ম সন্তোষজনক হলে তাকে চাকুরীতে স্থায়ী করার বিষয় যথাসময়ে বিবেচনা করা হবে।
৫. প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকুরী বিধি অনুযায়ী একটি প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) ফরম ও অত্র কোর্ট কর্তৃক নির্ধারিত ফরমে আন্ডার টেকিং পূরণ করতে হবে এবং নিজ খরচে টাকার নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হতে শারীরিক যোগ্যতার সনদপত্র সংগ্রহ পূর্বক দাখিল করতে হবে।
৬. কাজে যোগদানের পর যথানিয়মে প্রত্যেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন গ্রহণ করা হবে যা' অবশ্যই সন্তোষজনক হতে হবে।
৭. কাজে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

আদেশক্রমে,

স্বা/-

(মোহাম্মদ কামাল হোসেন শিকদার)

তাং-

ডেপুটি রেজিস্ট্রার

(সার্বিক ও আদি অধিক্ষেত্র)

ফোনঃ ৯৫৭০৯৯১।


স্মারক নং-

জি,এস,

তারিখঃ-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ-

১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২. হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩. সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪. জনাব বিমলেন্দু মন্ডল, পিতা-মাখন লাল মন্ডল, গ্রাম-কাথুলিয়া, ডাকঘর-দুর্গাপুর, উপজেলা-পিরোজপুর সদর, জেলা-পিরোজপুর।



(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)

সহকারী রেজিস্ট্রার

(সাধারণ ও সংস্থাপন) (ভারপ্রাপ্ত)